গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১২৬/২০১৮-১৯
ঢাকা, শুক্রবার ২৮ ডিসেম্বর ২০১৮, ১৪ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সন্ত্রাস করলে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। দেশের মানুষ চাইছে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসুক :
আনন্দবাজার পত্রিকায় সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী
৩। আপনারা আপনাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবেন :
শেষ কর্মদিবসে সরকারি কর্মচারীদের প্রধানমন্ত্রী
৪। সহিংসতামুক্ত শান্তিপূর্ণ নির্বাচন চায় যুক্তরাষ্ট্র : সিইসির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বৈঠক
শান্তিপূর্ণ নির্বাচনের জন্য দূতাবাসের প্রচারণা
৫। ভয়মুক্ত নির্বাচনি পরিবেশ সৃষ্টির আহ্বান : জাতিসংঘ মহাসচিবের বিবৃতি
৬। র‌্যাব-পুলিশ ব্যর্থ হলে পদক্ষেপ নেবে সেনাবাহিনী : নির্বাচন কমিশনার শাহাদাত হোসেন চৌধুরী
৭। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটের প্রচারণা শেষ আজ
৮। একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে হাসপাতাল প্রস্তুত রাখার নির্দেশ নির্বাচন কমিশনের
৯। নির্বাচনের দিন সাংবাদিকরা মোটর সাইকেল ব্যবহার করতে পারবেন
১০। নির্বাচনে থাকছেন জামায়াতের ২৫ নেতা
১১। নির্বাচনে গুজব ছড়ালে তথ্য দেওয়ার আহ্বান র‌্যাবের
১২। আসছেন ১৮৮ বিদেশি পর্যবেক্ষক
১৩। মোবাইলে থ্রিজি ও ফোরজি সেবা বন্ধের নির্দেশ
১৪। ভোটের কারণে ৪৮ ঘণ্টা মোবাইল ব্যাংকিং বন্ধ
১৫। এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ
১৬। জলবায়ুসহিষ্ণু জীবিকায়নে ইউএনডিপি'র অনুদান
১৭। মন্ত্রিপরিষদ সচিবের মায়ের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

১। **সন্ত্রাস করলে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

নির্বাচন ঘিরে সন্ত্রাসী কর্মকান্ড প্রতিরোধে সবাইকে সজাগ থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ভোটের দিনে কেউ সন্ত্রাসী কর্মকান্ড করতে এলে তাকে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দিন। প্রচারের শেষ দিন গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) রাজধানীর সুধাসদন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টাঙ্গাইল, কুমিল্লা, যশোর, পাবনা ও পঞ্চগড়ে নির্বাচনি সভায় যোগ দিয়ে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **দেশের মানুষ চাইছে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসুক :**
**আনন্দবাজার পত্রিকায় সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নির্বাচন উপলক্ষে তিনি দেশের বিভিন্ন জায়গায় সফর করেছেন। সে সফরে তিনি মানুষের কাছ থেকে ব্যাপক সাড়া পেয়েছেন। তিনি বলেন, মানুষের মধ্যে ভালোবাসা দেখতে পেলাম তারা অন্তর থেকে চাইছে, আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসুক। জনগণ এটা জানে, আওয়ামী লীগের মাধ্যমেই তাদের ভাগ্য পরিবর্তিত হবে। গত ২৬ ডিসেম্বর বুধবার ভারতের পশ্চিমবঙ্গের বহুল প্রচারিত আনন্দবাজার পত্রিকাকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

৩। **আপনারা আপনাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবেন :**
**শেষ কর্মদিবসে সরকারি কর্মচারীদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বিদায় নিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) প্রধানমন্ত্রী তাঁর তেজগাঁও কার্যালয়ে সরকারের মেয়াদের শেষ কর্মদিবসে সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি সরকারি কর্মচারীদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন। তিনি বলেন, আমি থাকি বা না থাকি, আপনাদের কাছে আবেদন এটাই থাকবে আপনারা আপনাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবেন, কারণ আপনারা সরকারি কর্মচারী। আপনাদের বেতন-ভাতা বাংলাদেশের সাধারণ মানুষের ট্যাক্সের টাকাতেই হয়। কাজেই তাদের সেবা করা, কল্যাণ করা আপনাদের দায়িত্ব। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৪। **সহিংসতামুক্ত শান্তিপূর্ণ নির্বাচন চায় যুক্তরাষ্ট্র : সিইসির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের বৈঠক**
**শান্তিপূর্ণ নির্বাচনের জন্য দূতাবাসের প্রচারণা**

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, আগামী ৩০ ডিসেম্বর যুক্তরাষ্ট্র সহিংসতামুক্ত শান্তিপূর্ণ নির্বাচন চায়। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সঙ্গে বৈঠকশেষে তিনি এসব কথা বলেন।

এদিকে জাতীয় নির্বাচনে সহিংসতা পরিহারের জন্য অনলাইনে প্রচারণা চালাচ্ছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের যুক্তরাষ্ট্র দূতাবাসের পক্ষ থেকে তাদের ফেসবুক পেজে এ বিষয়ে একাধিক পোস্ট দেওয়া হয়েছে। গত ২৬ ডিসেম্বর বুধবার দূতাবাসের ফেসবুক পেজ থেকে 'মার্কিন দূতাবাস শান্তিপূর্ণ নির্বাচন সমর্থন করে' শিরোনামে 'শান্তির বীজ বপন করুন। যেমন কর্ম তেমন ফল' লেখা পোস্টার প্রকাশ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৫। **ভয়মুক্ত নির্বাচনি পরিবেশ সৃষ্টির আহ্বান : জাতিসংঘ মহাসচিবের বিবৃতি**

বাংলাদেশের ৩০ ডিসেম্বরের জাতীয় সংসদ নির্বাচনে ভয়মুক্ত পরিবেশ সৃষ্টির আহ্বান জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) জাতিসংঘ মহাসচিবের পক্ষে তার মুখপাত্র স্টিফেন ডুজারিক এ বিবৃতি প্রকাশ করেন। জাতিসংঘ সদরদপ্তর থেকে প্রকাশিত বিবৃতিতে বলা হয়, ৩০ ডিসেম্বর বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের আগে ও পরে ভয়মুক্ত পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সব পক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব। একইসঙ্গে তিনি নির্বাচনি প্রক্রিয়ায় সুশীল সমাজ ও পর্যবেক্ষকদের স্বাধীনভাবে

দায়িত্ব পালনে পূর্ণ সহায়তা দেওয়ারও আহ্বান জানিয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**৬। র‌্যাব-পুলিশ ব্যর্থ হলে পদক্ষেপ নেবে সেনাবাহিনী : নির্বাচন কমিশনার শাহাদাত হোসেন চৌধুরী**

নির্বাচনে নিয়মিত আইনশৃঙ্খলা বাহিনী ব্যর্থ হলে সেখানে সেনাবাহিনী পদক্ষেপ নেবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শাহাদাত হোসেন চৌধুরী। তিনি বলেন, কোনো জায়গায় পুলিশ, র‌্যাব ও বিজিবি যদি ব্যর্থ হয়, সে ক্ষেত্রে সেনাবাহিনী কাজ করবে। পুলিশিং কাজ কখনোই সশস্ত্রবাহিনী করে না। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

**৭। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটের প্রচারণা শেষ আজ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সব ধরনের প্রচার-প্রচারণা শেষ হচ্ছে আজ। শুক্রবার সকাল ৮টার পর থেকে কোনো প্রার্থী ও রাজনৈতিক দল নির্বাচনি প্রচার কার্যক্রম চালাতে পারবে না। গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) অনুযায়ী, ভোট গ্রহণের ৪৮ ঘণ্টা আগ থেকে সব ধরনের প্রচার বন্ধ থাকার বিধান রয়েছে। শেষ মূহুর্তের প্রস্তুতি সম্পন্নে ব্যস্ত সময় পার করছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচনে তিন স্তরের নিরাপত্তায় মাঠে রয়েছে সশস্ত্রবাহিনী, পুলিশ, র‌্যাব-বিজিবিসহ অন্যান্য নিয়মিত বাহিনীর সদস্যরা। নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, আমাদের ভোটগ্রহণের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে। জেলায় জেলায় ব্যালট পেপার পাঠানো শেষ হয়েছে। আশা করছি সুষ্ঠু, শান্তিপূর্ণভাবে এবারের ভোট সম্পন্ন হবে। ভোটারদের মাঝে যথেষ্ট উৎসাহ উদ্দীপনা রয়েছে। আমরা আহবান জানাব, আগামী ৩০ তারিখ ভোটকেন্দ্রে গিয়ে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৮। একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে হাসপাতাল প্রস্তুত রাখার নির্দেশ নির্বাচন কমিশনের**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের সব সরকারি হাসপাতালগুলোকে জরুরি সেবা দেওয়ার জন্য প্রস্তুত থাকার নির্দেশনা দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। একইসঙ্গে এম্বুলেন্সগুলোকে সচল রাখতে বলা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে এ সংক্রান্ত নির্দেশনা দিয়েছেন নির্বাচন কমিশন (ইসি)। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৬)।

**৯। নির্বাচনের দিন সাংবাদিকরা মোটর সাইকেল ব্যবহার করতে পারবেন**

নির্বাচন কমিশন (ইসি) থেকে দেয়া নির্দিষ্ট স্টিকারযুক্ত মোটরসাইকেল নিয়ে একাদশ সংসদ নির্বাচনের খবর সংগ্রহের জন্য সাংবাদিকরা সড়কে চলাচল করতে পারবেন। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) ইসির সহকারী পরিচালক আসাদুল হক বিষয়টি নিশ্চিত করেছেন। গতকালের সিদ্ধান্তের ফলে সাংবাদিকদের মোটরসাইকেল ব্যবহারে নিষেধাজ্ঞা আর থাকছে না বলেও সাংবাদিকদের জানান আসাদুল হক। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১০। নির্বাচনে থাকছেন জামায়াতের ২৫ নেতা**

একাদশ সংসদ নির্বাচনে জামায়াতের ২৫ নেতার নির্বাচনে অংশগ্রহণের উপর স্থগিতাদেশ দেয়নি হাইকোর্ট। ফলে ৩০ ডিসেম্বরের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে তাদের উপর আইনগত কোনো বাধা নেই। তবে নির্বাচনে অংশগ্রহণের অনুমতি সংক্রান্ত নির্বাচন কমিশনের (ইসি) সিদ্ধান্ত কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না এ মর্মে রুল জারি করা হয়েছে। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি), নির্বাচন কমিশন ও সংশ্লিষ্ট ২৫ প্রার্থীকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**১১। নির্বাচনে গুজব ছড়ালে তথ্য দেওয়ার আহ্বান র‍্যাবের**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে কেউ গুজব ছড়ালে র‍্যাবের সাইবার নিউজ ভেরিফিকেশন সেন্টারে তথ্য দেওয়ার আহ্বান জানিয়েছেন র‍্যাব মহাপরিচালক বেনজীর আহমেদ। তিনি বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব প্রতিরোধে র‍্যাবের পক্ষ থেকে ফেসবুক পেজ চালু করা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো গুজব দেখে তা সন্দেহজনক মনে হলে র‍্যাবের এ ফেসবুক পেজে তথ্য দিলে তা যাচাই বাছাই করা হবে। র‍্যাব সদস্যরা সার্বক্ষণিকভাবে এ পেজ মনিটরিং করবে। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) বেলা সাড়ে ১১টায় কারওয়ান বাজারে র‍্যাবের মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদসম্মেলনে র‍্যাব প্রধান এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

**১২। আসছেন ১৮৮ বিদেশি পর্যবেক্ষক**

৩০ ডিসেম্বরের নির্বাচন পর্যবেক্ষণের জন্য নয়টি বিদেশি সংস্থা ও বিভিন্ন বিদেশি মিশনের ১৮৮ জন পর্যবেক্ষক সব প্রক্রিয়া সম্পন্ন করেছেন। তাদের সঙ্গে বিভিন্ন আন্তর্জাতিক সংবাদমাধ্যমের সাংবাদিকরাও বিস্তৃত পরিসরে এবারের জাতীয় নির্বাচন পর্যবেক্ষণ করবেন। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১৩। মোবাইলে থ্রিজি ও ফোরজি সেবা বন্ধের নির্দেশ**

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মোবাইল ইন্টারনেটের থ্রিজি ও ফোরজি সেবা বন্ধের নির্দেশ দিয়েছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) রাত ১০টার পর থেকে মোবাইল ফোন অপারেটররা এ সেবা বন্ধ করে দেয়। রাত ১২টায় একটি মোবাইল ফোন কোম্পানির হেল্প লাইনে ফোন দিলে সেখান থেকে জানানো হয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশে থ্রিজি ও ফোরজি সেবা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। এ নির্দেশনার ফলে টু জি ইন্টারনেট সেবা চালু থাকবে। এ ইন্টারনেটে টেক্সট পাঠানো ও গ্রহণ করা গেলেও ছবি ও ভিডিও পাঠানো সম্ভব হবে না। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.২)।

**১৪। ভোটের কারণে ৪৮ ঘণ্টা মোবাইল ব্যাংকিং বন্ধ**

ভোটের কারণে ৪৮ ঘণ্টা মোবাইল ব্যাংকিং লেনদেন বন্ধ রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। আজ (২৮ ডিসেম্বর শুক্রবার) বিকেল ৫টা থেকে ভোটের দিন বিকেল ৫টা পর্যন্ত এ নির্দেশনা কার্যকর থাকবে। তবে আগামী শনিবার বিকেল ৫টা থেকে রোববার অর্থাৎ ভোটের দিন বিকেল ৫টা পর্যন্ত শুধু ব্যক্তিগত অ্যাকাউন্ট থেকে দিনে সর্বোচ্চ পাঁচ হাজার টাকা লেনদেন করা যাবে। নির্বাচন কমিশনের নির্দেশনার আলোকে গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) বাংলাদেশ ব্যাংক থেকে এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১৫। এটিএম বুথে পর্যাপ্ত টাকা রাখার নির্দেশ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনি সময়ে ব্যাংকের এটিএম বুথে পর্যাপ্ত টাকা সরবরাহের নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি এটিএম বুথ, পয়েন্ট অব সেল (পিওএস), ই-পেমেন্ট গেটওয়ে, মোবাইল ফিনানশিয়াল সার্ভিস (এমএফএস) এর মাধ্যমে নিরবচ্ছিন্ন লেনদেনের ক্ষেত্রে বেশ কিছু নির্দেশনা দিয়েছে নিয়ন্ত্রণ সংস্থাটি। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট এ সংক্রান্ত এক নির্দেশনা দেশের সব তফসিলি ব্যাংকগুলোর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**১৬। জলবায়ুসহিষ্ণু জীবিকায়নে ইউএনডিপি'র অনুদান**

জলবায়ুসহিষ্ণু জীবিকায়নে নারীর সক্ষমতা বাড়াতে বাংলাদেশকে তিন কোটি ৩০ লাখ মার্কিন ডলারের অনুদান দেবে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)। স্থানীয় মুদ্রায় যার পরিমাণ ২৭৭ কোটি টাকা। গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলনকক্ষে ইউএনডিপি'র সঙ্গে এ সংক্রান্ত একটি ঋণচুক্তি স্বাক্ষর হয়েছে। ইআরডি সচিব মনোয়ার আহমেদ ও ইউএনডিপি'র আবাসিক প্রতিনিধি সদীপ্ত মুখার্জি এতে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১২,ক.৮)।

**১৭। মন্ত্রিপরিষদ সচিবের মায়ের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমের মা ও শহীদ জননী আলমাছ খাতুন গতকাল (২৭ ডিসেম্বর বৃহস্পতিবার) কক্সবাজার উপজেলার উখিয়া হাসপাতালে ইন্তেকাল করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আলমাছ খাতুনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। পৃথক শোকবার্তায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন। এছাড়া, আলমাছ খাতুনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম ও তথ্যসচিব আবদুল মালেক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** আয়ের উৎস সৃষ্টির মাধ্যমে ও দরিদ্রদের আয় বৃদ্ধিতে সহায়তা করছে সরকারের গৃহীত সামাজিক নিরাপত্তামূলক বিভিন্ন কর্মসূচি উল্লেখ করে অতিদরিদ্রদের এ সকল কর্মসূচিতে অন্তর্ভুক্তি বেশি জরুরি বলে মতপ্রকাশ।

খ. **সমকাল, ইনকিলাব :** আসন্ন নির্বাচনে এক কোটি ২২ লাখের বেশি নতুন ভোটার প্রথমবারের মতো তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন উল্লেখ করে তরুণরা সঠিক দলকে ক্ষমতায় আসার জন্য ভোটাধিকার প্রয়োগ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদঃ** সারাদেশে অবৈধভাবে অনেক ব্যক্তিমালিকানাধীন ক্লিনিক, প্যাথলজি ও ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে উল্লেখ করে এ অবৈধ প্রতিষ্ঠানগুলো বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **যায়যায়দিন :** ২০১৬ সালে সরকারের সর্বশেষ 'বাংলাদেশ মাতৃমৃত্যু ও স্বাস্থ্যসেবা জরিপ' অনুযায়ী শিশুর জন্ম দিতে ১৯৬ জন মায়ের মৃত্যু হয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে মাতৃমৃত্যুরোধে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **এশিয়ান এজ :** রাজধানীর অনেক ইংলিশ মিডিয়াম স্কুল তাদের শিক্ষকদের কোচিং করানোর ব্যাপারে কঠোর নিষেধাজ্ঞা দেওয়ায় সাধুবাদ জানিয়ে এ দৃষ্টান্ত অন্যান্য স্কুলেও মেনে চলার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রেলের যাত্রীসেবার মান বাড়াতে ও উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, স্বাধীনতার চেতনা ও মূল্যবোধকে শুধু শাব্দিক অর্থে নয় প্রকৃত অর্থবহকরণে সবাইকে সচেষ্ট থাকতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'বিজয়ী হোক গণতন্ত্র'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, একটি সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধিত্বশীল সরকার প্রতিষ্ঠিত হবে এটাই জনগণের প্রত্যাশা।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা